

স্মারক নম্বর: ৪১.০১.৭৫০৭.০০০.০৫.০০২.১৯.১৪৪

তারিখ: ৮ আষাঢ় ১৪২৬

২২ জুন ২০১৯

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ এর বিপরীতে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী
অধিদফতর, বেগমগঞ্জ এর গোড়াউন নির্মাণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ উপজেলা পরিষদের পূর্ব দক্ষিণ পার্শ্বে অবস্থিত। কার্যালয়টি বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন, বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তাদের ভাতা কার্যক্রম বাস্তবায়ন, প্রতিবন্ধীদের ভাতা কার্যক্রমসহ সকল ধরনের কর্মসূচি বাস্তবায়ন, স্বেচ্ছাসেবী সংগঠন ও এতিমদের কল্যাণে এতিমখানা প্রতিষ্ঠা ও নিয়ন্ত্রণ, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা কার্যক্রমসহ সকল ধরনের সেবা, দারিদ্রতা নিরসনের লক্ষ্যে বিভিন্ন ধরনের ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ দরিদ্র ও অসহায় মানুষের জীবন-মান উন্নয়নে সেবামূলক কাজ করে যাচ্ছে। সমাজসেবা অধিদফতরের সকল কার্যক্রম সম্পর্কে আপনি নিশ্চয় অবগত রয়েছেন।

০২। উল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সম্পৃক্ত দৈনিক শত শত সেবা গ্রহীত উপজেলা সমাজসেবা কার্যালয়ে সেবা নিতে আসেন। দুই কক্ষ বিশিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয় হতে এধরনের প্রান্তিক ও অনগ্রসর জনগোষ্ঠীকে সেবা প্রদানে হিমশিম অবস্থায় পড়তে হয়। তারপরও অত্র কার্যালয়ে কর্মরত সমাজকর্মী ও অন্যান্য সহকর্মীদের সহযোগিতা পিছিয়ে পড়া অনগ্রসর মানুষের কল্যাণে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

০৩। উপজেলা পরিষদের ০৭ অক্টোবর ১৯৮৯ খ্রি. সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রকল্প কমিটির মাধ্যমে “সম্প্রসারিত পল্লী সমাজকর্ম পর্ব-৩” এর আওতাধীন “কার্যালয় যুক্ত গণমিলনায়তন” নামে উপজেলা সমাজসেবা কার্যালয়টি স্থাপিত হয়। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কার্যালয়টি উপজেলা সমাজসেবা কার্যালয় এর উত্তর পার্শ্বে অবস্থিত। তারা নিম্নস্বাক্ষরকারীকে কোন ধরনের নোটিশ ব্যতিত অত্র অফিসের পশ্চিম পার্শ্বে অর্থাৎ উপজেলা সমাজসেবা অফিসের ৩ ফুট পশ্চিমে জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদফতরের গোড়াউন নির্মাণ করছে, যাহা অত্যন্ত দুঃখজনক। ইতিমধ্যে উপজেলা পরিষদ উপজেলা সমাজসেবা অফিসে আগত সেবা গ্রহীতাদের নিরবচ্ছিন্নভাবে সেবা প্রদানের বিষয় চিন্তা করে সমাজসেবা কার্যালয়ে পশ্চিম পার্শ্বে ১০ ফুট * ১০ ফুট সাইজের একটি অপেক্ষাগার নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদফতরের গোড়াউন নির্মাণ কাজ বাস্তবায়ন করলে সমাজসেবা অধিদফতরের কার্যক্রম বাস্তবায়ন করতে ব্যাপক অসুবিধা হবে এবং অফিসের সামনের সৌন্দর্য্য নষ্ট হবে।

এমতাবস্থায়, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ হতে নূন্যতম ১২ ফুট পশ্চিম পার্শ্বে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদফতরে গোড়াউন নির্মাণ কাজ বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।



২২-৬-২০১৯

মোহাম্মদ আবুল কাশেম

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০৩২১৫১৯২৩

ফ্যাক্স: ০৩২১৫১১০৫

ইমেইল: usso.begumganj@dss.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী


স্মারক নম্বর: ৪১.০১.৭৫০৭.০০০.০৫.০০২.১৯.১৪৪/১(৭)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৬

২২ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৪) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
- ৫) সহকারি কমিশনার (ভূমি), বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৬) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৭) অফিস কপি।



২২-৬-২০১৯

মোহাম্মদ আবুল কাশেম
উপজেলা সমাজসেবা অফিসার